উপজেলা পরিষদ

মেলান্দহ, জামালপুর।

অক্টোবর/২০২০ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ কামরুজ্জামান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেলান্দহ, জামালপুর।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভার তারিখ : ২৭/১০/২০২০ খ্রি:

সময় : বেলা ২০২০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" এবং অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "খ"।

সভার প্রারম্ভে সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনায় স্ব স্ব বিভাগের ষ্ট্যান্ডিং কমিটির সুপারিশ সভা অনুষ্ঠানের পূর্বে জমা প্রদানের বিধান থাকলেও যথাসময়ে না পাওয়ায় প্রতিটি দপ্তর থেকে ওয়াকিং পেপার দাখিলের জন্য সকল দপ্তর প্রধানদের অনুরোধ জানান।

গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে কোন আপত্তি না থাকায় উহা সর্ব সম্মতি ক্রমে অনুমোদিত হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রঃনং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | জনপ্রশাসন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। বর্তমানে কোন ধরনের সমস্যা নেই। | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২ | স্বাস্থ্য | উপজেলা স্বাস্থ্য ও প:প কর্মকর্তা সভায় জানান যে,<br>১) ৪/১০/২০ ইং তারিখ হতে ১৭/১০/২০ ইং তারিখ পর্যন্ত সাফল্যমন্ডিত ভাবে ৫৯ মাস বয়সের ৩৩,২৩০ জন শিশুকে ভিটামিন "A+" ক্যাম্পেইন ভিটামিন "A" ক্যাপসুল খাওয়ানো হয়েছে, যার শতকরা হার ৯৯.৮%।<br>২। গত ১৬/৮/২০২০ খ্রি. তারিখে ডা: সুলতানা পারভীন মেডিকেল অফিসার (গাইনী) হঠাৎ মৃত্যু বরন করায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মেলান্দহ, জামালপুর এ সিজারিয়ান কাজ বন্ধ হয়। এমতাবস্থায় ২ মাস পর মাননীয় সিভিল সার্জন মহোদয়, জামালপুর সরিষাবাড়ী U.H.C থেকে প্রেষণে ১জন মেডিকেল অফিসার গাইনীকে মেলান্দহ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সপ্তাহে ১দিন সিজার করার জন্য নির্দেশ প্রদান করে। সেই প্রেক্ষিতে সপ্তাহের প্রতি রবিবার অত্র স্বাস্থ্য কমপ্লেক্সে সিজারিয়ান ব্যবস্থা চালু হয়েছে।<br>৩। মহিলাদের জরায়ুর ক্যান্সার নির্নয়ের জন্য আগামী ২৭/১০/২০২০ খ্রি: মেলান্দহ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এক বিশেষ VIA ক্যাম্প অনুষ্ঠিত হবে। তা ছাড়া প্রতি কর্মদিবসে আমাদের U.H.C তে VIA ক্যাম্প চালু আছে। | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাঃ ও প: প: কর্মকর্তা |
| ৩ | পরিবার পরিকল্পনা | উপজেলা প: প কর্মকর্তা সভায় জানান যে, এই মাসে সকল প্রকার সেবা প্রদান করা হয়েছে তার মধ্যে এএনসি-১৩৯৭. মোট নরমাল ডেলিভারী ১২৯, পিএনসি ৩৬২ নবজাতকের সেবা ২১৮, সাধারন রোগী ৫২৩৬ এবং সেবা প্রাপ্ত কিশোর-কিশোরী-5298। | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প: প কর্মকর্তা |

চলমান পাতা-২-

| | | | | |
|---|---|---|---|---|
| | কৃষি | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে. ১) করোনাকালীন সময়ে মেলান্দহ উপজেলায় ৫১৬ জন কৃষকের মাঝে বিনামূল্যে সবজি বীজ বিতরণ, ৩৫২ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে পারিবারিক পুষ্টি বাগান স্থাপনের লক্ষ্যে বিনামূল্যে বীজ ও এ্যাকাউন্ট পে চেকের মাধ্যমে ১৯৩৫/- টাকা.করে বিতরণ করা হয়েছে। ২) প্রণোদনা ও পূনর্বাসন কর্মসূচির আওতায় বন্যায় ক্ষতিগ্রস্থ্য কৃষকদের মাঝে বিতরণকৃত মালামালঃ ৪৫০জন কৃষকের মাঝে মাসকলাই বীজ ও সার বিতরণ, কমিউটনটি বীজতলা. ভাসমান বীজতলা,ট্রেতে বীজতলা, বন্যার ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে ১০০ জন কৃষকের মাঝে স্বল্প ও মধ্য মেয়াদি শাক ও সবজি বীজ বিতরণ। ৩) প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে সার ও বিভিন্ন ফসলের বীজ বিতরণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। বিভাগীয় অনুমোদন পাওয়া মাত্রই উপজেলা প্রণোদনা ও পূনর্বাসন কমিটির মাধ্যমে উক্ত কার্যক্রম বাস্তবায়ন করা হবে। ৪) অত্র উপজেলায় সার ও বীজের পর্যাপ্ত মজুদ রয়েছে তবে বন্যায় ক্ষতিগ্রস্থ ফসলের পূনঃ আবাদের কারণে অতিরিক্ত সার প্রয়োজন হতে পারে। ৫) অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাকি গতিতে চলছে। | বিষয়গুলো আলোচনা করা হলো. আলোনান্তে চলমান কাজ গুলো আরো গতিশীল করাসহ কৃষিক্ষেত্রে সরকারে সেবা যাতে প্রত্যান্ত অঞ্চলের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে ছড়িয়ে দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৫ | মৎস্য | অনুপস্থিত | | |
| ৬ | প্রাণি সম্পদ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান, যে অক্টোবর/২০ মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ৮১৬টি. সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ সংখ্যা ৩১০টি, গবাদিপশুর চিকিৎসা প্রদান সংখ্যা ৩৩৪০টি, খামারি প্রশিক্ষন প্রদান বিভিন্ন দপ্তর কর্তৃক আয়োজিত ১১০ জন. খামার পরিদর্শন ১০টি, এছাড়া ক্ষুদ্র নৃ-গোষ্ঠির উন্নয়ন প্রকল্পের আওতায় ০১ জন সুফলভোগিকে ০১টি সংকর জাতের বকনা গরু সররাহ করা হয়েছে, প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের জরুরী কর্মপরিকল্পনার অংশ হিসাবে খামারীদের সনাক্তকরনের কাজ চলমান রয়েছে. কুড়িগ্রাম ও জামালপুর জেলার দারিদ্র দূরীকরন প্রকল্পের আওতায় বকনা গরু বিতরনে সহযোগিতা করা হয়েছে। | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ৭ | দুর্যোগ ব্যবস্থাপনা | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে জানান যে. চলতি ২০২০-২০২১ অর্থ বছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির ১ম পর্যায়ের বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত শ্রমিক সংখ্যা ইউনিয়নওয়ারী বিভাজন দিয়ে শ্রমিক তালিকা ও প্রকল্প তালিকা চাওয়া হয় এবং তাগিদপত্রও দেওয়া হয়। এখন পর্যন্ত মাহমুদপুর. আদ্রা ও ঘোসেরপাড়া ইউনিয়ন থেকে শ্রমিক তালিকা পাওয়া গেছে। বরাদ্দ পত্র অনুসারে কর্মসূচির ১ম পর্যায়ের কাজের সময়-সীমা ৩০ নভেম্বর, ২০২০ খ্রি: পর্যন্ত । এমতাবস্থায় এখন থেকে কর্মসূচির কাজ শুরু করতে না পারলে টাকা অব্যয়িত থেকে যাবে। অত:পর প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা যে ৩টি ইউনিয়ন থেকে তালিকা পাওয়া গেছে, উক্ত ইউনিয়ন গুলোতে কর্মসূচির কাজ শুরু করা যায় কি-না সভার সিদ্ধান্ত চান এবং বাকী সম্মানীত ইউপি চেয়ারম্যানগণকে দ্রুত শ্রমিক তালিকা দাখিলের জন্য অনুরোধ করেন। ২। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে আরও জানান যে. ২০২০-২০২১ অর্থ বছরে ভূমিহীন ও গৃহহীন "ক" শ্রেণীর পরিবারের জন্য ২৬০টি ঘরের বরাদ্দ পাওয়া গেছে। ভূমিহীন .পরিবারকে ২ শাতাংশ করে খাস জমি বন্দোবস্ত দিয়ে উক্ত ঘর নির্মাণ করে দিতে হবে। এমতাবস্থায় ২৬০ টি ঘর নির্মাণ করতে ৫২০ শতাংশ খাস জমির প্রয়োজন। অত:পর প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা খাস জমি পাওয়ার বিষয়ে সভার সিদ্ধান্ত চান। | ১। মাহমুদপুর. আদ্রা ও ঘোসেরপাড়া ইউনিয়ন থেকে উপজেলা পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী শ্রমিক তালিকা দাখিল করায় উক্ত ৩টি ইউনিয়নে ২৮/১০/২০২০ খ্রি: তারিখ হতে কর্মসূচির কাজ শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং অন্যান্য ইউনিয়ন গুলোকে উপজেলা পরিষদের সিদ্ধান্ত মোতাবেক দ্রুত শ্রমিক তালিকা দাখিল করে অনুমোদন নিয়ে কর্মসূচির কাজ শুরু করার সিদ্ধান্ত হয়। ২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ও সম্মানীত ইউ পি চেয়ারম্যান মিলে খাস জমির খোঁজ নিয়ে উপজেলা পরিষদকে অবহিত করবে মর্মে সিদ্ধান্ত হয়. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৮ | সমাজসেবা | কার্যপত্র পাওয়া যায়নি | | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা |

চলমান পাতা-৩

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা প্রা: শিক্ষা | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, প্রত্যেক সহঃ উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক নির্ধারিত বিদ্যালয়ের উন্নয়নমূলক কর্মকান্ড পরিদর্শন করা হয়েছে। এবং কাজের মান যাচাই করা হয়েছে। পর্যায়ক্রমে সকল বিদ্যালয়ের উন্নয়নমূলক কর্মকান্ড পরিদর্শন করে কাজের মান নিশ্চিত করা হবে। | বিভাগীয় অন্যান্য কার্মকান্ড স্বাভাবিক গতিতে চলছে। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা |
| ১০ | মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান,১) ২০২১-২০২২ চক্রের ভিজিডির কার্যক্রম চালু হয়েছে। চেয়ারম্যান সাহেবদের পত্রে মাধ্যমে জানানো হয়েছে। ২৭/১০/২০২০ তারিখের মধ্যে অনলাইনে আবেদন (দ্বিগুন সংখ্যক) সম্পন্ন করে হার্ডকপি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে জমা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে। ২) ইউনিয়ন নারী নির্যাতন প্রতিরোধ কমিটির মাসিক সভা নিয়মিত আহ্বান করে তার রেজুলেশন কপি অত্র অফিসে জমা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো। | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১ | যুব উন্নয়ন | কার্যপত্র পাওয়া যায়নি | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | স্থানীয় সরকার | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ১) ২০২০-২০২১ অর্থ বছরে ১১টি ইউনিয়নে চেয়ারম্যানগণ কে পত্র দেওয়া হয় তন্মধ্যে (কুলিয়া, নাংলা, ঘোষেরপাড়া, শ্যামপুর) ৪টি ইউনিয়নের প্রকল্প পাওয়া গেয়াছে বাকি (দুরমুঠ, মাহমুদপুর, নয়ানগর, আদ্রা, চরবানিপাকুরিয়া, ফুলকোচা, ঝাউগড়া) ৭টি ইউনিয়নের প্রকল্প এখনও পাওয়া যায় নি। ৩) প্রত্যেক উপজেলা পরিষদের পরিপত্র অনুযায়ী অভ্যন্তরে " বঙ্গ বন্ধু শেখ মুজিব" ম্যুরাল নির্মানের বিধান রয়েছে। বিধায় " বঙ্গ বন্ধু শেখ মুজিব" ম্যুরাল সংযোজনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত টাকা রাজস্ব তহবিল হতে জরুরী ভিত্তিতে কমিটি/ আরএফকিউ এর মাধ্যমে ব্যয়ের অনুমোদন প্রয়োজন। | ১) যে সকল ইউনিয়ন হতে এখন পর্যন্ত প্রকল্প পওয়া যায়নি, সে সকল ইউনিয়ন গুলোকে প্রকল্প দাখিল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। ২) " বঙ্গ বন্ধু শেখ মুজিব" ম্যুরাল নির্মানের জন্য উক্ত টাকা আরএফকিউ এর মাধ্যমে ব্যয়ের অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৩ | জনস্বাস্থ্য | কার্যপত্র পাওয়া যায়নি | | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৪ | সমবায় | কার্যপত্র পাওয়া যায়নি | | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫ | পল্লী উন্নয়ন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। বর্তমানে কোন ধরনের সমস্যা নেই। | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৬ | ফরেস্টার | অনুপস্থিত | | |
| ১৭ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ১) শিক্ষা প্রতিষ্ঠানে অন-লাইন শ্রেণী কার্যক্রম: উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মেলান্দহ, করোনা ভাইরাস মহামারীর কারনে গত ১৭ মার্চ/২০২০ তারিখ হতে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় শিক্ষার্থীদের লেখাপড়ার ক্ষতিপূরণ পুষিয়ে নেওয়ার জন্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান অন-লাইন শ্রেণী কার্যক্রম পরিচালনা করছেন। কিছু কিছু প্রতিষ্ঠান বিভিন্ন সীমাবদ্ধতার কারনে এখনো অনলাইন পাঠদান কার্যক্রম প্রদানের জন্য চেষ্টায় আছে এবং উপজেলা থেকে শ্রেণি কার্যক্রম পরিবালনার জন্য অবহিত করা হয়েছে। ২। উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের অন-লাইনে ডাটা এন্ট্রি ও হিসাব খোলার কাজ গত ০৮/১০/২০২০ খ্রি: হতে ০৭/১১/২০২০ খ্রি পর্যন্ত কার্যক্রম চলবে এবং সকল প্রতিষ্ঠানকে উপজেলা থেকে অবহিত করা হয়েছে। ৩। ব্যন বেইস জরিপ: সারা দেশে প্রতিবছরই শিক্ষা প্রতিষ্ঠানের জরিপ কার্যক্রম পরিচালিত হয়। অন্যান্য বছরের ন্যায় এবছর ও ১৫/১০/২০২০ খ্রি: ৩১/১০/২০২০ খ্রি: পর্যন্ত অন-লাইনের জরিপ কার্যক্রম চলবে এবং সকল প্রতিষ্ঠানকে উপজেলা থেকে অবহিত করা হয়েছে।৪। অফিস কার্যালয় মেরামত: মাধ্যমিক শিক্ষা অফিসটি জরাজীর্ন অবস্থায় রয়েছে। অত্র অফিসটি সংস্কার কাজের জন্য দ্রুত পদক্ষেপ নিতে হবে। | করোনা ভাইরাস মহামররীর কারনে শিক্ষার্থীদের লেখাপড়ার ক্ষতি পুষিয়ে নেওয়ার জন্য অন-লাইন শ্রেণী কার্যক্রম পরিচালনা বৃদ্ধি করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |

চলমান পাতা-৪-

| | | | | |
|---|---|---|---|---|
| | খাদ্য কর্মকর্তা | কার্যপত্র পাওয়া যায়নি। | | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ১৯ | বিবিধ | ক) চেয়ারম্যান উপজেলা পরিষদ মেলান্দহ সভায় জানান যে, শহীদ বীর মুক্তিযোদ্ধা আ: কুদ্দুস এবং মরহুম সৈয়দ বদরুউজ্জামন (ফুল মিয়া) দ্বয়ের নামে যথাক্রমে এলজিডি কোড নং ৩৩৯৬১২০১১৫ আমবাড়ীয়া RHD পচাবহলা সি,সি ভায় বুকনাই বাজার রোড এবং এলজিডি কোড নং ৩৩৯৬১৪০০১ দুরমুঠ ইউপি- সিতানী খুদিয়ারকান্দা UNR রোড দুইটির নাম করনের জন্য ১নং দুরমুঠ ইউনিয়ন চেয়ারম্যান ইউনিয়ন সভার কার্য্য বিবরণী উপজেলা মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেছেন। খ) চেয়ারম্যান উপজেলা পরিষদ মেলান্দহ, সভায় আরো জানান যে. বীর মুক্তিযোদ্ধা জালাল উদ্দিন এর নামে এলজিডি কোড নং ৩৩৯৬১২০১৬ ডেফলা আর. এইচ, ডি হতে দুরমুঠ ডিসি (সিন্দুরা ফসল) রাস্তাটির নাম করনের জন্য ২নং কুলিয়া ইউনিয়ন চেয়ারম্যান, ইউনিয়ন সভার কার্য্য বিবরণী উপজেলা মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেছেন। | বিষয় দুইটি সভায় আলোচনা করা হলো. আলোচনান্তে ১নং দুরমুঠ ইউপি চেয়ারম্যান এবং ২নং কুলিয়া ইউপি চেয়ারম্যান দ্বয়ের সভার কার্য বিবরনীতে উল্লেখিত মুক্তিযোদ্ধাদের নামে রাস্তা নামকরনের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বাস্তবায়নের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, মেলান্দহ. উপজেলা নির্বাহী অফিসার মেলান্দহ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ কামরুজ্জামান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।

স্মারক নং :উপকা/মেলা/২০২০/ তারিখ : ২৭-১০-২০২০ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য- ১৪০ জামালপুর- ৩
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। ........................................... সম্মানীত সদস্য (সকল) উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।

(তামিম আল ইয়ামীন )
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।

পরিশিষ্ট -ক-

অক্টোবর/২০২০ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার উপস্থিতি অনুযায়ী সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | সদস্য | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেলান্দহ | সাক্ষরিত |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার, মেলান্দহ | সাক্ষরিত |
| ০৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেলান্দহ | সাক্ষরিত |
| ০৪ | ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, মেলান্দহ | সাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান মাহমুদপুর ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ঝাউগড়া ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ০৭ | চেয়াম্যান শ্যামপুর ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, নাংলা ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, কুলিয়া ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, দুরমুট ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ফুলকোচা ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান, ঘোষেরপাড়া ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ১৩ | চেয়ারম্যান, চরবানিপাকুরিয়া ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ১৪ | চেয়ারম্যান, আদ্রা ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ১৫ | চেয়ারম্যান, নয়ানগর ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ১৬ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ১৭ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ১৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ১৯ | উপজেলা খাদ্য কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ২০ | উপজেলা সমবায় কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ২১ | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ২২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ২৩ | উপজেলা প:প কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ২৪ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, মেলান্দহ | সাক্ষরিত |
| ২৫ | উপজেলা কৃষি অফিসার, মেলান্দহ | সাক্ষরিত |
| ২৬ | উপজেলা স্বাস্থ্য ও প:প কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ২৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ২৮ | উপজেলা প্রকৌশলী, মেলান্দহ | সাক্ষরিত |
| ২৯ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ৩০ | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, মেলান্দহ | সাক্ষরিত |

পরিশিষ্ট -খ-

| ক্রঃ নং | সদস্য | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | উপজেলা মৎস্য কর্মকর্তা, মেলান্দহ | |
| ০২ | উপজেলা ফরেষ্টার, মেলান্দহ | |